ঢাকা ওয়াসা

সংযুক্তি:

১। ২০২৬-২০২৭ ইং অর্থ বছরের মড্‌স জোন-৮ এর বাজেট বরাদ্দের কপি।
২। পূর্বানুমোদিত দরের কপি।
৩। প্রস্তাবিত প্রাক্কলন।
৪। প্রতিবেদন।

বিষয়: Repairing of HDPE Water Line Leakage & Removal dirty Water In Samiti math Road, South badda (DMA-807) under MODS Zone-8, Dhaka WASA কাজ প্রসঙ্গে।

১। উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মড্‌স জোন-০৮ এর আওতাধীন ডি.এম.এ-৮০৭ এর সমিতির মাঠ রোড, দক্ষিণ বাড্ডা এলাকায় সিটি কপোরেশন হতে রাস্তায় সিউয়ারেজের কাজ করার সময় পানির মেইন লাইন ক্ষতিগ্রস্থ করা হয়। উক্ত পানির লাইনে ক্ষতিগ্রস্থ/লিকেজের অভিযোগ পাওয়া গিয়েছে, যার অভিযোগের প্রেক্ষিতে এলাকা সমূহে সুষ্ঠভাবে পানি সরবরাহ করার লক্ষ্যে সংশ্লিষ্ট স্থানে পি.এল.আই ও পি.এল.এম সহকারে সরেজমিনে সাইট পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে দেখা যায় যে, ~~বর্ণিত রোডে~~ পানির প্রেসারে লাইনটির পানি বের হয়ে যাচ্ছে এবং পানির অপচয় হচ্ছে। সে কারনে ~~সম্মানিত~~ উক্ত এলাকার কিছু সংখ্যক গ্রাহকগন পানি পাচ্ছে না বলে অভিযোগ করে। এছাড়াও পানির লাইনের লিকেজের স্থান হতে ময়লা পানি প্রবেশের সম্ভাবনা আছে, ফলে লিকেজ দিয়ে প্রচুর পরিমাণে পানি বের হয়ে ড্রেনে যাচ্ছে। এতে ঢাকা ওয়াসার রাজস্ব ক্ষতি হচ্ছে। ক্ষতিগ্রস্থ/লিকেজের পানির লাইন মেরামতের ব্যাপারে উক্ত এলাকার গ্রাহকগণ বারবার ফোন করছেন। উক্ত সমস্যা সমূহ সমাধান করার লক্ষ্যে একটি প্রাক্কলন প্রস্তুত করা হল। প্রাক্কলনে সর্বমোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে ট- ৪৯,৭৬২.৪০৫ (উনপঞ্চাশ হাজার সাতশত বাষট্টি দশমিক চার শূন্য পাঁচ) টাকা মাত্র। উক্ত প্রাক্কলনে মালামালের দর PWD ও পূর্বানুমোদিত দর অনুযায়ী ধরা হয়েছে। উক্ত কাজের ব্যয়ভার অত্র জোনের ২০২৬- ২০২৭ ইং অর্থ বছরের বরাদ্দকৃত বাজেট এর "পানির লাইন রক্ষনাবেক্ষণ" খাতের কোড নং-(০১-০৪-০০১) হতে নির্বাহ করা হবে।

২। এমতাবস্থায়, Repairing of HDPE Water Line Leakage & Removal dirty Water In Samiti math Road, South badda (DMA-807) under MODS Zone-8, Dhaka WASA কাজটি জরুরী ভাবে সম্পাদন করার জন্য উপস্থাপিত ট- ৪৯,৭৬২.৪০৫ (উনপঞ্চাশ হাজার সাতশত বাষট্টি দশমিক চার শূন্য পাঁচ) টাকা মাত্র প্রাক্কলনটি পি.পি.আর-২০২৫ এর ধারা ৯৯/১(ড) মোতাবেক অভিজ্ঞতা সম্পন্ন ঠিকাদার **রুসাফা কপোরেশন** এর মাধ্যমে সরাসরি ক্রয় প্রক্রিয়ায় (DPM) চুক্তি সম্পাদনের অনুমোদন প্রধান প্রকৌশলী মহোদয় কর্তৃক দেয়া যেতে পারে।

০৮/জোন-৮
২৬/০৭/২৬

২৬/০৭/২৬
মোহাম্মদ আব্দুল মতিন
উপ-সহকারী প্রকৌশলী
মড্‌স জোন-০৮
ঢাকা ওয়াসা।

AE
১৬.০৭.২৬
মোঃ মোস্তফা
সহকারী প্রকৌশলী
মড্‌স জোন-৮
ঢাকা ওয়াসা

EE
২৬/০৭/২০২৬
অনুপম কুমার মন্ডল
নির্বাহী প্রকৌশলী
মড্‌স জোন-৮
ঢাকা ওয়াসা।

SE, MODS Circle-2
২৮/০৭/২৬
প্রকৌশলী মোঃ শাহ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মড্‌স সার্কেল-২, ঢাকা ওয়াসা।

৩। ~~ছবিতে~~ সংযুক্ত Photograph-এ নির্বাহী প্রকৌশলীর স্বাক্ষর ~~দেখলাম~~ দেখলাম না। পরবর্তীতে বিষয়টি খেয়াল রাখার জন্য অনুরোধ করা হল। অনুমোদন করা হল।

SE MODS-2

CE
১৯/০৭/২০২৬
আলমগীর হাছিন আহমেদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।